অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্ট্যাটেন দ্বীপে 111 মিলিয়ন মার্কিন ডলারের সমুদ্র উপকূলের স্থিতিস্থাপকতা রক্ষামূলক প্রকল্পের সমাপ্তি ঘোষণা করেছেন

লিভিং ব্রেকওয়াটারগুলো ক্ষয় কমিয়ে টোটেনভিল সমুদ্র উপকূলে কমিউনিটির ঝুঁকি হ্রাস করে

পরিবেশবান্ধব অবকাঠামো ভিত্তিক প্রকল্পটি উপকূলীয় সুরক্ষা নিশ্চিত করার পাশাপাশি বাস্তুসংস্থান উন্নত করতে সাহায্য করবে

ছবি এবং আরো প্রকল্পের তথ্য প্রেস কিটে রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ লিভিং ব্রেকওয়াটারস (Living Breakwaters)-এর সমাপ্তি ঘোষণা করেছেন, স্ট্যাটেন দ্বীপের উপকূলে ঝড়ের কারণে সৃষ্ট ঢেউ এবং ক্ষয়ের প্রভাব হ্রাস করে উপকূলীয় স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য ডিজাইন করা একটি উদ্ভাবনীমূলক 111 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প। 2,400 ফুট দৈর্ঘ্যের ব্রেকওয়াটারগুলো টোটেনভিলের নিচু উপকূলীয় কমিউনিটি জুড়ে বাড়ি এবং ব্যবসাগুলোর ঝুঁকি হ্রাস করবে যা 2012 সালের সুপারস্টর্ম স্যান্ডির সময় শক্তিশালী ঢেউগুলো বাড়িগুলোকে উপরে ফেলার ফলে জীবন এবং সম্পত্তির ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছিল।

“নিউ ইয়র্ক জলবায়ু সংকট মোকাবিলায় এবং স্থিতিস্থাপক কমিউনিটি গঠনে দেশকে নেতৃত্ব দিচ্ছে,” **গভর্নর হোকল বলেন।** “যেহেতু আমরা এই গ্রীষ্মে বেশ কয়েকটি শক্তিশালী ঝড়ের সম্মুখীন হয়েছি তাই বৈরি আবহাওয়া নতুন স্বাভাবিক এবং আমাদের পরিবর্তিত জলবায়ুর সাথে মানিয়ে নেওয়াটা অত্যাবশ্যক। লিভিং ব্রেকওয়াটারগুলো ঝড়ের প্রভাব কমাতে, আমাদের উপকূলরেখা সমুন্নত রাখতে এবং আগামী প্রজন্মের জন্য বাড়ি ও ব্যবসায় সুরক্ষা নিশ্চিতে আমাদের দীর্ঘমেয়াদী কৌশলের উদাহরণ হয়ে থাকবে।”

লিভিং ব্রেকওয়াটারগুলো উপকূলীয় স্থিতিস্থাপকতা ব্যবস্থা এবং বাসস্থান সম্প্রসারণ কার্যক্রমকে সমন্বিত করে প্রকৃতি-ভিত্তিক অবকাঠামোর একটি নেটওয়ার্ক গড়ে তোলে যা উপকূলের ঝুঁকি কমাতে এবং রারিটান উপসাগরের জলজ বাস্তুসংস্থানকে উন্নত করার জন্য ডিজাইন করা হয়েছে। প্রকল্পটিতে আটটি আংশিকভাবে নিমজ্জিত কাঠামো রয়েছে যা বর্ম পাথরের তৈরি এবং পরিবেশগতভাবে উন্নত কংক্রিট ইউনিট যা ঝড়ের ঢেউয়ের গতি কমাবে, ক্ষয় হ্রাস করবে এবং কনফারেন্স হাউস পার্ক বরাবর সৈকত পুনরুদ্ধার করতে সহায়তা করবে।

ব্রেকওয়াটার ডিজাইন করার জন্য সমুদ্র উপকূলের কাছে অবস্থিত ভবন ও রাস্তাগুলোতে তিন ফুটের নিচে ঢেউয়ের গতি কমাতে বিস্তৃত আকারের হাইড্রোডাইনামিক মডেলিং ব্যবহার করা হয়েছিল। ব্রেকওয়াটারগুলো সমুদ্রতীর বরাবর প্রবাহিত বালি বা পলির গতি কমিয়ে দেয় যা দশকের পর দশক ধরে ক্ষয়ের প্রভাবের বিপরীত হতে সহায়তা করে, সমুদ্র সৈকত পুনর্নির্মাণ এবং সময়ের সাথে সাথে প্রশস্ত হওয়ার সুযোগ নিশ্চিত করে। প্রকল্পটিতে ম্যানহাটন স্ট্রিট থেকে লরেটো স্ট্রিট পর্যন্ত বালি পুনঃপূরণ কার্যক্রম অন্তর্ভুক্ত ছিল, বিশেষ করে ক্ষয়প্রবণ এলাকায়।

জলজ বাসস্থান তৈরি করতে, জীববৈচিত্র্য বাড়াতে এবং রারিটান উপসাগরে ঝিনুকের প্রাচীরে ভরপুর বাস্তুতন্ত্রের সুবিধাগুলো পুনরুদ্ধার করার জন্যও ব্রেকওয়াটারগুলো ডিজাইন করা হয়েছে। তাদের বৈশিষ্ট্য "রিফ রিজ (Reef Ridges)" - সমুদ্রের পাথুরে প্রোট্রুশনগুলো ব্রেকওয়াটারের দিকে মুখ করে থাকে - এবং "রিফ স্ট্রিট (Reef Streets)" যা রিফ রিজগুলোর মধ্যকার সংকীর্ণ স্থান। এইসব এবং অন্যান্য বৈশিষ্ট্যগুলো প্রকৃতির সক্ষমতা বাড়িয়ে বিভিন্ন সমুদ্রজীবনের স্থিতিশীলতার জন্য সুযোগ সৃষ্টি করে। ইতোমধ্যে তীরে পাখি, সীল, কাঁকড়া, ঝিনুক, বারনাকল, সামুদ্রিক স্পঞ্জ এবং বিভিন্ন ধরনের মাছের প্রজাতি সহ বন্যপ্রাণীরা ব্রেকওয়াটারে বসবাস করতে শুরু করেছে। 2027 সালের মধ্যে লাইভ ঝিনুক ইনস্টলেশন সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

এই প্রকল্পটি 2013 সালে মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Housing and Urban Development, HUD) কর্তৃক সুপারস্টর্ম স্যান্ডির প্রতিক্রিয়ায় চালু করা রিবিল্ড বাই ডিজাইন (Rebuild by Design) প্রতিযোগিতা থেকে বিজয়ী প্রস্তাব ছিল। প্রকল্পটি HUD কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্ট ডিসাস্টার রিকভারি (HUD Community Development Block Grant Disaster Recovery) ফান্ডিং থেকে 97 মিলিয়ন মার্কিন ডলার এবং 2022 অর্থ বছরের স্টেট বাজেটের সরাসরি ক্যাপিটাল বরাদ্দ থেকে 14 মিলিয়ন মার্কিন ডলার সহায়তাপ্রাপ্ত। এটি নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR)-এর অফিস অব রেসিলিয়েন্ট হোমস অ্যান্ড কমিউনিটি (Office of Resilient Homes and Communities) দ্বারা পরিচালিত হয়েছিল যেটি এমন একটি স্থায়ী অফিস যা 2022 সালে গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারি (Office of Storm Recovery)-এর পোর্টফোলিও গ্রহণ করেছিল।

SCAPE ল্যান্ডস্কেপ আর্কিটেকচারের নেতৃত্বে ল্যান্ডস্কেপ আর্কিটেক্ট, ইঞ্জিনিয়ার এবং ইকোলজিস্টদের একটি টিম লিভিং ব্রেকওয়াটারগুলো প্রস্তাবিত এবং তারাই ডিজাইন করেছে। টিমটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব পার্কস অ্যান্ড রিক্রিয়েশন (New York City Department of Parks and Recreation, NYC Parks)-এর সাথে প্রস্তাবিত ফলাফল এবং সময়ের সাথে সাথে তীরবর্তী পরিবর্তনের নিরীক্ষণ করার উপায়গুলো পর্যালোচনা করার জন্য কাজ করেছে৷ NYC পার্কগুলো প্রকল্প নির্মাণ এবং ঝিনুক বৃদ্ধির প্রচেষ্টা উভয় ক্ষেত্রেই অ্যাক্সেস এবং পরামর্শ প্রচেষ্টাকে সমর্থন করেছে যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

লিভিং ব্রেকওয়াটারগুলো 2050 সালের মধ্যে অর্থনৈতিকভাবে কার্বন-নিরপেক্ষতামূলক যোগ্যতা অর্জনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস করার নিউ ইয়র্কের প্রচেষ্টাকে পূরণ করে এবং এটি HCR-এর স্থায়িত্ব এবং স্থিতিস্থাপকতা বিষয়ক বিনিয়োগের একটি উদাহরণ, যার মধ্যে

হারিকেন আইডার জন্য দীর্ঘমেয়াদী পুনরুদ্ধারের প্রচেষ্টা, সাশ্রয়ী বাসস্থানে পরিবেশবান্ধব বিদ্যুত প্রকল্পের জন্য তহবিল নিশ্চিত করা, বাসিন্দাদের বাড়ি আবহাওয়া প্রতিরোধ করতে সহায়তা করা এবং অন্যান্য উদ্যোগ অন্তর্ভুক্ত।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "HUD-এর কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্রান্টের মাধ্যমে 97 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বিনিয়োগ এবং সুপারস্টর্ম স্যান্ডির পরে উপকূলীয় স্থিতিস্থাপকতা বাড়ানোর প্রতিশ্রুতির কারণে, স্ট্যাটেন আইল্যান্ডের উপকূল থেকে লিভিং ব্রেকওয়াটারগুলো উপকূলীয় স্থিতিস্থাপকতা প্রকল্পের সমাপ্তি টোটেনভিল কমিউনিটিকে অত্যন্ত প্রয়োজনীয় সুরক্ষা এবং মানসিক শান্তি প্রদান করবে। লিভিং ব্রেকওয়াটারগুলো ঝড়ের কারণে সৃষ্ট ঢেউ কমিয়ে এবং ক্ষয়রোধ করে টোটেনভিল কমিউনিটিকে সুরক্ষিত রাখবে। স্ট্যাটেন আইল্যান্ডের কমিউনিটিগুলোতে এবং নিউ ইয়র্কে ভবিষ্যত বন্যার মোকাবিলা করার জন্য আমি উপকূলীয় স্থিতিস্থাপকতা উন্নত করতে এবং সমুদ্র উপকূল পুনরুদ্ধার করার জন্য লড়াই চালিয়ে যাব।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "এই 111 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি একটি উদ্ভাবনী পন্থা যার মাধ্যমে আমরা পরিবর্তনশীল জলবায়ুর অনেক বিপজ্জনক প্রভাবকে হ্রাস করতে পারি। 2,400-ফুট দৈর্ঘ্যের ব্রেকওয়াট কাঠামোটি সমুদ্র থেকে আসা ঢেউয়ের শক্তি কমিয়ে দেবে, ক্ষয়রোধে সহায়তা করবে এবং একই সাথে স্থানীয় সামুদ্রিক জীবনের বংশবিস্তার বাড়িয়ে তুলবে। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনজনিত ঝড় মোকাবেলায় বাসিন্দাদের সাহায্য করার জন্য স্থিতিস্থাপকতা অর্জন উন্নত করছে। আমরা আমাদের প্রকল্প টিম এবং স্থানীয় কমিউনিটির নেতাদের টোটেনভিল উপকূলরেখার ঝুঁকি হ্রাস করার জন্য তাদের উৎসর্গের জন্য ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের অন্তবর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "আমাদের উপকূলরেখার স্থিতিস্থাপকতা উন্নত করাটা হলো জলবায়ু পরিবর্তন এবং সুপারস্টর্ম স্যান্ডির মতো বৈরি আবহাওয়ার বিরুদ্ধে লড়াই করার জন্য নিউ ইয়র্ক স্টেটের টেকসই এবং বিস্তৃত প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ। লিভিং ব্রেকওয়াটার প্রকল্প ঝড়ের কারণে সৃষ্ট ঢেউ এবং ক্ষয় কমাতে, বাড়িঘর ও আশেপাশের এলাকা রক্ষা করতে এবং স্থানীয় সৈকত ও প্রাকৃতিক বাস্তুতন্ত্রের পুনরুদ্ধারে সহায়তা করতে বিভিন্ন ধরনের অবকাঠামোগত ব্যবস্থা গ্রহণ করে। গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্ব এবং স্টেট এজেন্সির অংশীদার ও স্থানীয় কমিউনিটির সাথে দৃঢ়ভাবে কাজ করার মাধ্যমে, DEC নিউ ইয়র্কের উপকূলীয় কমিউনিটিগুলোকে রক্ষা করার জন্য লিভিং ব্রেকওয়াটারের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক সিটি পার্ক কমিশনার সুয়ি ডোনোগু বলেন, "লিভিং ব্রেকওয়াটারগুলো হলো জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়ায় উদ্ভাবনী, পরিবেশগত নকশার একটি অবিশ্বাস্য উদাহরণ। আমরা নিউ ইয়র্ক সিটির স্থিতিস্থাপকতাকে এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে আমাদের কমিউনিটিগুলো উন্নতি করতে পারে এবং ভবিষ্যতে আমাদের উপকূলকে উচ্ছ্বসিতভাবে উপভোগ করতে পারে।"

অ্যাসেম্বলিমেম্বার মাইকেল রেইলি বলেন, “আমি স্টেট এবং স্থানীয় সরকার জুড়ে আমাদের অংশীদারদের যাদের প্রচেষ্টায় কয়েক বছর ধরে এই প্রকল্পটি সম্পন্ন করতে সাহায্য করেছে তাদের ধন্যবাদ জানাতে চাই। আজ, আমাদের টোটেনভিল কমিউনিটি আগের চেয়ে অনেক বেশি স্থিতিস্থাপক এবং লিভিং ব্রেকওয়াটার সমস্ত স্ট্যাটেন আইল্যান্ডে যে পরিবেশগত সুবিধা নিয়ে আসবে তা আগামী প্রজন্মের উপর ইতিবাচক প্রভাব ফেলবে।”

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের মেম্বার জোসেফ বোরেলি বলেন, “আমি এই উপকূল সুরক্ষামূলক প্রকল্পটি সমাপ্ত হতে দেখে খুশি এবং আমি এই অঞ্চলে নতুন সামুদ্রিক জীবনকে বাড়ানোর জন্য অধীর অপেক্ষায় রয়েছি।”

SCAPE ল্যান্ডস্কেপ আর্কিটেকচারের প্রতিষ্ঠাতা প্রিন্সিপ্যাল কেট অর্ফ বলেন, “পরবর্তী শতাব্দীর জলবায়ু অভিযোজনের জন্য সিটিগুলোতে মানুষ এবং প্রকৃতি কিভাবে সহাবস্থান করতে পারে তা সম্পর্কে গভীর চিন্তাভাবনা এবং প্রকৃতি-ভিত্তিক অবকাঠামো এবং কমিউনিটির স্টুয়ার্ডশিপের সমন্বয়ে স্থিতিস্থাপক ডিজাইন বাস্তবায়ন করা প্রয়োজন। লিভিং ব্রেকওয়াটারগুলো আমাদের আশ্রিত বাস্তুসংস্থানকে পুনরুজ্জীবিত করে, ঝুঁকি কমায় এবং কাজকে অনুপ্রাণিত করে। এই প্রকল্পটি 10 বছর ধরে চলছে এবং এতে শত শত নিবেদিত সহযোগী ও কমিউনিটির সদস্যগণ যুক্ত হয়েছেন। আমরা একসাথে যা শিখেছি তা ব্যবহার করে, প্রকৃতি-ভিত্তিক অবকাঠামো বৃহৎ থেকে ক্ষুদ্র পর্যায় পর্যন্ত সব পর্যায়ে দ্রুত বাস্তবায়ন করতে পারব এই ভেবে আমি উচ্ছ্বাসিত।”

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। গ্রিনহাউজ গ্যাস নিঃসরণকে 1990 সালের মাত্রার তুলনায় 2030 সালের মধ্যে 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশে হ্রাস করার জন্য — দেশের সবথেকে আগ্রাসী কিছু জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তি উদ্যোগের দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক প্রয়াসের একটি সমাহারকে অগ্রসর করছে, — যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ প্রোগ্রাম (New York Cap-and-Invest program, NYCI) এবং অন্যান্য সম্পূরক নীতিমালা।

এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি।

এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 420টির বেশি নিবন্ধিত ও 150টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন